উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

মে ~~এপ্রিল~~/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ। |
| সভার তারিখ | : ১২/৫/২০২২ খ্রি: |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | <u>সিদ্ধান্ত ১</u> ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | <u>উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ</u><br><u>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়।</u> | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর এপ্রিল/২০২২ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর এপ্রিল/২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর এপ্রিল/২০২২ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের এপ্রিল/২০২২মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের এপ্রিল/২০২২ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের এপ্রিল/২০২২মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর এপ্রিল/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর এপ্রিল/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর এপ্রিল/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ১১ | জনাব মো: কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর এপ্রিল/২০২২ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- |

| | | | |
|---|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর এপ্রিল/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| ১৩ | উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য মার্চ/২০২২ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

<u>বিভাগওয়ারী আলোচনাঃ</u>

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের গ্যারেজের চাল ঘুর্ণিঝড়ে উড়ে গিয়েছিলো তা মেরামত করা হয়েছে। এছাড়াও পরিষদের ভবনের দেয়াল হতে বটগাছ অপসারণ করা বাবদ ৬০০০ টাকা ব্যয় হয়েছে মর্মে জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের কোয়াটারের সংস্কারের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। ইউএনও জানান যে, উপজেলা পরিষদ ভবনের প্রায় সবকটি কমন টয়লেট ব্যবহার অনুপযোগী অবস্থায় আছে। এগুলোকে দ্রুত মেরামত করে ব্যবহারের উপযোগী করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর অধীনে ২০২১-২০২২ অর্থ বছরে ০৯ (নয়) টি প্যাকেজভূক্ত কাজ আগামী ১ জুন, ২০২২ থেকে শুরু হবে। অন্যান্য স্কীম সমূহ পি আই সি ও আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।<br><br>শিমুলবাক ইউপি চেয়ারম্যান বলেন যে, এডিপিভুক্ত শিমুলবাক নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ প্রকল্পের কাজ এই বন্যার মধ্যে করা সম্ভব নয় বিধায় একই বিদ্যালয়ের টিনের চাল মেরামতসহ আনুসাংগিক কাজ সম্পন্ন করার বিষয়ে সভাকে অবহিত করেন।<br><br>উপজেলা প্রকৌশলি আরও বলেন যে, অগ্রীম বন্যায় উপজেলার রাস্তাসমূহের ৮-১০ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। তিনি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় বিষয়টি উপস্থাপনের জন্য ইউএনও ও উপজেলা চেয়ারম্যানকে অনুরোধ করেন। এছাড়াও তিনি নোয়াখালী সেতুর এপ্রোচ সংলগ্ন স্থানে অবৈধ খাল দখলের বিষয়ে স্থানীয় ইউপি চেয়ারম্যানের সহায়তা কামনা করেন। এবং শান্তিগঞ্জ-রজনীগঞ্জ রাস্তার দুপাশে গাছ কর্তনের বিষয়েও তিনি পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। জরুরী ভিত্তিতে পরিষদ ভবনের টয়লেট ও কোয়াটারের মেরামত কাজ সম্পন্ন করতে হবে।<br><br>২. এডিপির প্রকল্পগুলো জুন মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>৩. এডিপিভুক্ত শিমুলবাক নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ প্রকল্পের নাম সংশোধন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বহিঃবিভাগ এর সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। আগামী ৫-৮ জুন ভিটামিন এ+ ক্যাম্পেইন চলবে। এই সময়ের মধ্যে শিশুদের এ+ ক্যাপসুল খাওয়ানো হবে তিনি সবাইকে এ বিষয়ে প্রচারণা চালানোর বিষয়ে অনুরোধ জানান। | ১। ৫-৮ জুন ভিটামিন এ+ ক্যাম্পেইন সফল করার জন্য ব্যাপক প্রচারণা চালাতে হবে।<br><br>২। সপ্তাহে অন্তত ১ দিন কমিউনিটি ক্লিনিকে | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ।<br><br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, কমিউনিটি ক্লিনিক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০ টি উদ্যোগের অন্যতম। তৃণমূলের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতে কমিউনিটি ক্লিনিকের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। যদি ডাক্তারগণ সেখানে না বসেন তাহলে প্রধানমন্ত্রীর এ উদ্যোগটি সম্পূর্ণ সফল হবে না। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যেহেতু ৮ জন ডাক্তার কর্মরত আছেন সপ্তাহে অন্তত ১ দিন কমিউনিটি ক্লিনিকে বসে স্থানীয় গরীব জনগনকে চিকিৎসা সেবা প্রদান করলে এলাকাবাসী উপকৃত হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউএইচএফপিও কে অনুরোধ জানানো হয়। ইউএইচএফপিও জানান যে, ইউনিয়ন পর্যায়ে ডাক্তারদের যাওয়া-আসা ও বসার সুব্যবস্থা নেই। একজন ক্যাডার কর্মকর্তার বসার উপযুক্ত পরিবেশ ইউনিয়ন পর্যায়ে থাকে না। যদি উপযুক্ত পরিবেশ তৈরি করে দেয়া যায় তাহলে তিনি ব্যক্তিগত উদ্যোগে ডাক্তারদের ইউনিয়নে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করবেন যদিও কমিউনিটি ক্লিনিকে ডাক্তারদের যাওয়ার কথা নয়।<br><br>উপজেলা চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, প্রতিবন্ধী সনদের জন্য স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা প্রার্থীদের কিছুটা বিড়ম্বনা পোহাতে হয়। এ বিষয়ের সহজীকরণের জন্য তিনি ইউএইচএফপিও র হস্তক্ষেপ কামনা করেন।<br><br>উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ সাপের বিষের এন্টিভেনম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আছে কিনা জানতে চাইলে ইউএইচএফপিও জানান যে এন্টি ভেনম কেবলমাত্র সদর হাসপাতালগুলোতে পাওয়া যায়। | ডাক্তার কর্তৃক চিকিৎসা সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে উপ সহকারি প্রকৌশলী সভাকে প্রকল্পসমূহের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে পারেন নি। উপজেলা নির্বাহী অফিসার হালনাগাদ তথ্য ও প্রস্তুতি নিয়ে সভায় অংশগ্রহণের জন্য তাকে অনুরোধ করেন। | ১। টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহের কাজ জুন ২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলি, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ জানান যে, ১০ টি পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহ প্রকল্পের স্থান নির্ধারণের জন্য ইউপি চেয়ারম্যানদের বলা হলেও কোন ইউপি হতে তা পাওয়া যায় নি। ইউপি চেয়ারম্যানদের দ্রুত স্থান নির্ধারণপূর্বক অবহিত করার জন্য তিনি অনুরোধ করেন। তিনি এছাড়াও জানান যে, হাট-বাজারসমূহে ২ টি পাবলিক টয়লেট স্থাপনের জন্য পাথারিয়া ও বমবমি বাজারকে নির্ধারণ করা হয়েছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের ৪০০০ টয়লেট ও ৪০০০ নলকূপ নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত বেশ কিছু নলকূপে পানি উঠছে না। অনেক স্থানে টয়লেটের | ১) ১০ টি পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহ প্রকল্পের স্থান নির্ধারণপূর্বক অবহিত করতে হবে।<br><br>২) মন্ত্রী মহোদয়ের বিশেষ প্রকল্পের ত্রুটিপূর্ণ টয়লেট ও টিউবওয়েলগুলো মেরামত করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ।<br><br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | কাজ অসমাপ্ত রেখেই ঠিকাদার চলে গেছে। তিনি বলেন যে,উপজেলার গরীব জনগণের বিশুদ্ধ পানি সরবরাহ ও টয়লেটের সমস্যার সমাধান করায় শান্তিগঞ্জ উপজেলাবাসী মন্ত্রী মহোদয়ের নিকট কৃতজ্ঞ। তিনি সহকারি প্রকৌশলী কে উক্ত সমস্যা সমূহ সমাধানপূর্বক সভাকে অবহিত করার অনুরোধ করেন। | | |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ফসল রক্ষা বাধের সুষ্ঠু তদারকির মাধ্যমে উপজেলার কৃষকদের ফসল ঘরে তোলার সুযোগ প্রদানের জন্য উপজেলা প্রশাসন, পানি উন্নয়ন বোর্ড ও জনপ্রতিনিধিদের আন্তরিক ধন্যবাদ জানান। হাওর ও নন হাওরের প্রায় শতভাগ কাটা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | কোন সিদ্ধান্ত নেই | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র উপজেলায় মোট ১৫০০ টি মৎস্য কার্ড ০৮ টি ইউনিয়নে প্রদান করা হবে। মৎস্যজীবী কার্ডের যাচাই বাছাইয়ের কাজ চলমান। জুনের ১ম সপ্তাহের মধ্যে কার্যক্রম শেষ করা সম্ভব হবে। ইউপি চেয়ারম্যানবৃন্দ নির্বিচারে পোনা নিধনের বিরুদ্ধে অভিযান চালানোর জন্যে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।পোনা মাছ সংরক্ষণে প্রয়োজনীয় অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা গেলে মৎস্য সম্পদ রক্ষা করা যাবে মর্মে আলোচনা করেন। | ১। মৎস্য কার্ড কার্যক্রম নিয়মমাফিক জুন ২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে।<br><br>২। পোনা মাছ সংরক্ষণে প্রয়োজনীয় অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার পরিবার পরিকল্পনা বিভাগের সাথে সংশ্লিষ্ট ইউজেডজিপি প্রকল্পের ৬ টি ওয়ার্কশপের কাজ জুনের মধ্যে সমাপ্ত করার অনুরোধ জানান। | ১) ইউজেডজিপি প্রকল্পের ৬ টি ওয়ার্কশপে আয়োজন করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ<br><br>২) মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বন্যায় বন্যপ্রাণীদের আশ্রয়স্থল বিনষ্ট হওয়ায় এ সময় বসতবাড়িতে সাপের উপদ্রব বৃদ্ধি পাবে। হতে রক্ষা পাওয়ার জন্যে সবাইকে পরামর্শ প্রদান করেন ও অহেতুক এই প্রানী হত্যা থেকে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, বন্যার সময় দুর্গত মানুষের জন্য ত্রাণ সহায়তা দেয়া হলেও আমরা প্রাণীদের জন্য কোন খাদ্য সহায়তার কথা ভাবি না। কিন্তু এ দুর্যোগের সময় তাদের প্রাকৃতিক খাবারের উৎস ক্ষতিগ্রস্ত হয়।উপজেলা সমবায় কর্মকর্তা এ প্রেক্ষিতে বন্য প্রাণীদের জন্য হাওরের উচু স্থানে অভয়াশ্রমের ব্যবস্থা করার অনুরোধ জানান। | ১) প্রাণী খাদ্যের বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ উপজেলার কেশবপুর, কুতুবপুর, থলেরবন্দ, ইসলামপুরসহ উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের | ১. ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব-ইউনিয়নের প্রাথমিক | ১. ইউপি চেয়ারম্যান(সকল), শান্তিগঞ্জ। |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সাথে মূল সড়কের সংযোগ সড়ক না থাকায় শিক্ষার্থীদের স্কুলে আসা-যাওয়ার সমস্যা হচ্ছে এবং ভবিষ্যতে জায়গা বেদখল হওয়ার সম্ভাবনা আছে।তিনি আরও জানান যে, সাম্প্রতিক বন্যায় উপজেলার ৯৭ টি প্রাথমিক বিদ্যালয়ের ৪১টির মাঠে ও ১৪ টির শ্রেণিকক্ষে পানি উঠেছিলো। এবং প্রায় ১৬ টি পরিবার ৯ টি স্কুলে আশ্রয় নেয়। এতে স্বাভাবিক পাঠদান ব্যহত হয়েছে। | বিদ্যালয়ের সাথে গ্রামের সংযোগ রাস্তা নির্মান করতে হবে<br>২. বিদ্যালয়সমূহে পরিদর্শন বৃদ্ধি করতে হবে। | ২. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | একাডেমিক সুপারভাইজার সভায় জানান তার অফিস কক্ষের দরজাটি মেরামতের কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। তিনি আরও জানান যে, সাম্প্রতিক বন্যায় ১০ টি স্কুলের পাঠদান ব্যহত হয়েছে। কিন্তু উপজেলা নির্বাহী অফিসারের অনুরোধে এসএসসি পরীক্ষার্থীদের ক্লাস অব্যাহত রাখা হয়েছে।ভাইস চেয়ারম্যান সভাকে জানান যে, শান্তিগঞ্জ উপজেলা ভৌগলিকভাবে দুর্গম ও শিক্ষা ক্ষেত্রে পিছিয়ে পড়া একটি উপজেলা হওয়ার কারণে নিয়মিত মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার পদায়ন না থাকায় বিদ্যালয়সমূহে পাঠদান কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করা যাচ্ছে না। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পদায়নের জন্য জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরে পত্র প্রেরণের অনুরোধ জানান তিনি। | ১. অফিসের দরজাটি মেরামত করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের আওতায় সমবায় সমিতি গঠনের নির্দেশনা পাওয়া গেছে। ইতিমধ্যে সমিতি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অত্র উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা প্রকল্প নামীয় আরও একটি প্রকল্প পাওয়া গেছেন। সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ০২ মাস ব্যাপি বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ১.বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের কাজ সরকারি নির্দেশনা মেনে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অসচ্চল প্রতিবন্ধী প্রতিস্থাপনের জন্য সকল চেয়ারম্যানগণকে তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নিচতলার কিন্ডারগার্টেনের ভাড়া পাওয়া যায়নি এবং চুক্তি সম্পাদন হয়নি। প্রতিষ্ঠানের প্রধানের সাথে যোগাযোগ করে কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ করা হয়। | মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নিচতলার কিন্ডারগার্টেনের ভাড়া আদায় করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, আগামী মাস হতে বোরো ধান সংগ্রহ কার্যক্রম শুরু হবে। কৃষি বিভাগের তালিকা অনুযায়ী লটারীর মাধ্যমে খাদ্য গুদামে ধান সংগ্রহ করা হবে। | সরকারি ভাবে খাদ্যগুদামে ধান সংগ্রহ প্রক্রিয়া সচ্চতার সহিত সম্পন্ন করতে হবে। কৃষকগণ যেন তাদের ধানের ন্যায্যমূল্য পেয়ে থাকে তা নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা পরিসংখ্যান |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ এর পক্ষে জনাব হাসান কবির, উপজেলা শিশু অধিকার বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মাতৃত্বকালীন অন্তর্ভূক্তিকরণের তালিকার কাজ বন্ধ রয়েছে। আগামী জুলাই/২০২২ থেকে যথারীতি কার্যক্রম শুরু হবে। এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতা প্রযোজ্য। কিন্তু অধিকাংশ ইউনিয়ন হতে একাধিক সন্তান এর মায়ের জন্য এ ভাতার আবেদন প্রেরণ করেন এ বিষয়ে নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। তিনি আরও বলেন যে, ভিজিডি চাল বিতরণের মাস্টাররোল ইউনিয়ন পরিষদ হতে বিগত ৫ মাস যাবত পাওয়া যাচ্ছে না। | ১.নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতার প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>২.ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণ করতে হবে।<br>৩। গত জানুয়ারী ২০২২ হতে ভিজিডি চাল বিতরণের মাস্টাররোল প্রতিটি ইউনিয়ন পরিষদ হতে প্রেরণ করতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২. ইউপি চেয়ারম্যান (সকল), শান্তিগঞ্জ। |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা পরিষদের পানির পাম্প ও বাতি, কক্ষ নং-৩১২,১১১ নং রুমের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ২,২৮,৪৩৯/-(দুই লক্ষ আটাশ হাজার চারশত উনচল্লিশ) টাকার বিল দাখিল করা হয়েছে। দাখিলীয় বকেয়া বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিষদের বিষয়ে আলোচনা করা হয়। | ১. দাখিলীয় বকেয়া বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

| আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (খ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরমত বাবদ ৩৫,৫০০/- (পয়ত্রিশ হাজার পাচশত) টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ২. অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরমত বাবদ ৩৫,৫০০/- (পয়ত্রিশ হাজার পাচশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | (গ) উপজেলা পরিষদের জীপগাড়িটি (নং-১১-০০৩০) বিধি মোতাবেক রক্ষনাবেক্ষণ/মেরামত ব্যয় বাবদ ৪৩০০/-(চার হাজার তিনশত) টাকার বিল দাখিল করেছেন। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৩.ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৩. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | (ঘ) উপজেলা পরিষদ ভবনে স্থাপিত সোলার প্যানেল সিস্টেমটি দীর্ঘদিন যাবত অকেজো হয়ে পড়েছে। উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা পরিষদে সরকারি কাজ করতে গিয়ে বিদ্যুৎ সমস্যায় পড়তে হয়। আবহাওয়া/ লোড সেডিংয়ের কারণে অনেক সমস্যায় বিদ্যু বন্ধ থাকে। বিদ্যুৎ প্রবাহ বন্ধ থাকায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যেতে হয়। তাছাড়া অনেক সময় প্রাকৃতিক দুর্যোগে বিদ্যুৎতের লাইন বিচ্ছিন্ন হয়ে যায় ইত্যাদি দুর্ঘটনার কারণে অনেক সময় বিদ্যুৎতের সমস্যায় পড়তে হয়। তাই জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় বিদ্যুতের বিকল্প সোর্স হিসেবে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন/সোলার প্যানেল/আইপিএস/জেনারেটর এর ব্যবস্থা করা প্রয়োজন মর্মে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় আলোচনা করা হয়। | ৪. জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় বিদ্যুতের বিকল্প সোর্স হিসেবে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন/সোলার প্যানেল/আইপিএস/জেনারেটর এর ব্যবস্থা করতে হবে। | ৪. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | (ঙ) উপজেলা পরিষদ চত্বরের সম্মুখভাগ, পিছনের অংশ ও উপজেলা পরিষদে প্রবেশের রাস্তা এবং উপজেলা কোয়াটারে প্রবেশের পথে ১০ টি সিসিক্যামেরা, মনিটর ০৩ টি , ক্যাবল ও প্রয়োজনীয় সামগ্রী স্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের নিরাপত্তা ও সার্বিক তদারকির নিমিত্ত উপজেলা পরিষদ ভবনে সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | ৫. জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদ চত্বরের সম্মুখভাগ, পিছনের অংশ ও উপজেলা পরিষদে প্রবেশের রাস্তা এবং উপজেলা কোয়াটারে প্রবেশের পথে ১০ টি সিসিক্যামেরা, ০৩ টি মনিটর, ক্যাবল ও প্রয়োজনীয় সামগ্রী স্থাপন করতে হবে। | ৫. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | (চ) উপজেলা পরিষদ পরিষদের চর্তুপাশ ও ড্রেনেজের সিস্টেমে ময়লা আবর্জনা থাকায় মশার উপদ্রব বেড়ে যাওয়া মশার ঔষধ ছিটানো ও ড্রেনেজে ব্লিচিং পাউডার দিয়ে পরিষ্কার করা জরুরী। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের ড্রেনেজ সিস্টেমে মশা নিধনের নিমিত্ত ২০,০০০/-(বিশ হাজার) টাকা ব্যয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬. জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের ড্রেনেজ সিস্টেমে মশা নিধন করতে হবে। | ৬. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- | --- |
| | | (ছ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ভাইস চেয়ারম্যান এঁর কক্ষের এক্রেলিক লেটার স্থাপন সংক্রান্ত ১২,০০০/-(বার হাজার) টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৭. এক্রেলিক লেটার স্থাপন সংক্রান্ত ১২,০০০/-(বার হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৭. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (জ) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের আধুনিকায়ন করা হয়েছে। মান্যবর বিভাগীয় কমিশনার মহোদয় কর্তৃক উদ্বোধনের নিমিত্ত নাম ফলক প্রস্তুত করা হয়েছে। উক্ত উদ্বোধনফলক নির্মাণ ব্যয় বাবদ ১৩,০০০/- (তের হাজার) টাকার বিল দাখিল করা হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৮. উদ্বোধনফলক নির্মাণ ব্যয় বাবদ ১৩,০০০/- (তের হাজার) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৮. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ঝ) উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জয়কলস মৌজার ৭৭৩ নং খতিয়ানের ১৫১১ গং দাগের ১৪২৮ বাংলার ভূমি উন্নয়ন কর বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা ডিমান্ড নোট দাখিল করেছেন। দাখিলীয় ডিমান্ড নোট অনুযায়ী ভূমি উন্নয়ন করের দাবী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (৯) উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জয়কলস মৌজার ৭৭৩ নং খতিয়ানের ১৫১১ গং দাগের ১৪২৮ বাংলার ভূমি উন্নয়ন কর বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধে করতে হবে। | ৯. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (ঞ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, ১৪২৯ বাংলা সন মেয়াদে পবিত্র ঈদুল আয্হা আসন্ন বিধায় উপজেলার দরগাপাশা ও শিমুলবাক ইউনিয়নে অবস্থিত ১। ভমভমি বাজার ২। জীবদারা বাজারসমূহে অস্থায়ী পশুর হাট বসানোর অনুমতি প্রদান করা হলে জনদুর্ভোগ লাগব হবে এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত হবে। তিনি আরো বলেন গবাদিপশু ক্রয় বিক্রয় ও যাতায়াতের ক্ষেত্রে আগত লোকজনের অনেকাংশে সুবিধা হবে এবং অস্থায়ী পশুর হাট ইজারা/নিলাম প্রদান করলে উপজেলা পরিষদের রাজস্ব আয়ও বৃদ্ধি পাবে। প্রতি বছরের ন্যায় উল্লিখিত বাজারসমূহে অস্থায়ী পশুর হাট বসানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, আসন্ন পবিত্র ঈদুল আয্হা উপলক্ষে জনগণের সার্বিক সুবিধার কথা বিবেচনা করে উল্লিখিত বাজারসমূহে অস্থায়ী পশুর হাট বসানোর বিষয়ে বাজারের তফসীল ভুক্ত ভূমিতে উপযোগী জায়গা আছে মর্মে সরেজমিন তদন্তক্রমে স্কেচম্যাপসহ সহকারী কমিশনার (ভূমি), শান্তিগঞ্জ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করেন। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় (প্রশাসন-২ শাখা) সরকার বিভাগ এর ১১/৭/২০১৯ খ্রিঃ ৪৫৭ নং নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ও সরকারি হাট-বাজার ব্যবস্থাপনা, ইজারা পদ্ধিতি ও উহা হতে প্রাপ্ত আয় বন্টন সংক্রান্ত সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুসরণপুর্বক পশুর হাট বসানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উল্লেখিত বাজারেসমূহের পাশ্বে কোন শিক্ষা প্রতিষ্ঠান, খেলার মাঠ, রেল লাইন নেই। তাছাড়া পাশ্ববর্তী সড়কটি বাজার হতে দূরবর্তী স্থানে | (১০) (i) ভমভমি বাজার (ii) জীবদারা বাজারসমূহে অস্থায়ী পশুর হাট বসাতে হবে। | ১০. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

| আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | অবস্থিত মর্মে সভায় উপস্থিত সদস্যবৃন্দ মতামত ব্যক্ত করেন। আলোচনান্তে ভমভমি বাজার ও জীবদারা বাজারসমূহে অস্থায়ী পশুর হাট বসানোর সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | | |
| | (ট) উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) খাতের অধীন ইজিপি টেন্ডার আহবানে সাশ্রয়কৃত ০৫% অর্থ দ্বারা জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্প আরএফকিউ পদ্বতিতে বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্প-১. পশ্চিম পাগলা ইউনিয়নের পাগলা বীরগাও রাস্তা হতে কান্দিগাও গ্রামের সরকারি হালট রাস্তা সিসি দ্বারা উন্নয়ন<br>২. পূর্ব পাগলা ইউনিয়নের রনসীগ্রামে এলজিইডির রাস্তা হতে হতে সিরাজ খার বাড়ি পর্যন্ত রাস্তায় অবশিষ্টাংশ (চে-৭৫-৮২ মি) সিসি দ্বারা উন্নয়ন।<br>৩. পূর্ব পাগলা ইউনিয়নের চুরখাই গ্রামের মৃত-জগদীশ দে ও রানা বাবুর বাড়ি পর্যন্ত রাস্তার অবশিষ্টাংশ (চে-৫৬.৮০-৬৩.৮০ মি.) সিসি দ্বারা উন্নয়ন।<br>৪. ডুংরিয়া শিবপুর গ্রামের রইস মিয়া,মশাই মিয়া,মনসুর মিয়ার বাড়ির রাস্তার অবশিষ্টাংশ (চে-৬২ মি--৬৩.৮০ মি) সিসি দ্বারা উন্নয়ন। | ১১. প্রস্তাবিত প্রকল্পসমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। | ১১. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| | (ঠ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে পরিচালিত "টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ" ( টেকার ২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটি অত্র উপজেলায় চলমান রয়েছে ১ম পর্যায়ে অংশগ্রহণকারী প্রশিক্ষনার্থীর তুলনায় ২য় পর্যায়ে কম সংখ্যাক প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ নিচ্ছে। অত্র উপজেলায় অনেক শিক্ষিত বেকার রয়েছে। চলমান টেকার ২য় পর্যায় প্রকল্পটি আরও ০২ মাস বর্ধিত করা হলে অত্র উপজেলার অনেক শিক্ষিত বেকার জনসাধারণ প্রশিক্ষণ নিতে পারবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপস্থিত সদস্যবৃন্দ বর্ণিত কোর্সটির মেয়াদ ০২ মাস বর্ধিত করণের জন্য একমত পোষণ করেন। | ১২. যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে পরিচালিত "টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ" ( টেকার ২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটির মেয়াদ অত্র উপজেলায় ০২ মাস বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১২. যুব উন্নয়ন অফিসার, শান্তগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ৬১ (৬০)
তারিখ: ১২ মে, ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা .................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা..........................................................................................

১২।০৫।২২

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ